যুগান্তর

তারিখ 18 APR 2017
পৃষ্ঠা ৩৭ কলাম ৫

ইবির ভর্তি পরীক্ষার প্রশ্ন ফাঁস

# ভর্তি বাতিলে সিন্ডিকেটের সিদ্ধান্ত অবৈধ : হাইকোর্ট

**যুগান্তর রিপোর্ট**

প্রশ্নপত্র ফাঁসের অভিযোগ ওঠার পর কুষ্টিয়া ইসলামী বিশ্ববিদ্যালয়ের এফ ইউনিটের (গণিত ও পরিসংখ্যান) ভর্তি বাতিলে সিন্ডিকেটের সিদ্ধান্ত অবৈধ ঘোষণা করে রায় দিয়েছেন হাইকোর্ট। সোমবার বিচারপতি জুবায়ের রহমান চৌধুরী ও বিচারপতি মো. ইকবাল কবিরের সমন্বয়ে গঠিত বেঞ্চ এ রায় ঘোষণা করেন। আদালতে রাষ্ট্রপক্ষে শুনানি করেন অ্যাটর্নি জেনারেল মাহবুবে আলম। অপরদিকে আবেদনকারীদের পক্ষে শুনানি করেন ব্যারিস্টার রুহুল কুদ্দুস কাজল ও নুসরাত ইয়াসমিন সুমাইয়া। এ রায়ের ফলে ৮৮ শিক্ষার্থী রিট করলেও ওই ইউনিটে ভর্তি হওয়া ১০০ শিক্ষার্থীর ক্ষেত্রে এ রায় প্রযোজ্য হবে বলে রিটকারী পক্ষের আইনজীবী জানান।

ব্যানবেইস
পরিচালকের কার্যালয়
প্রাপ্তি নং...............................
তারিখ...............................

| | |
|---|---|
| চীফ, পরিসংখ্যান বিভাগ | |
| চীফ, ডি.এন.পি বিভাগ | |
| সিস্টেম এনালিষ্ট | |
| সিস্টেম ম্যানেজার | |
| প্রশাসনিক কর্মকর্তা | |
| পি.এ. | |

কার্যার্থে/জ্ঞাতার্থে

স্বাক্ষর